রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, মে ৩০, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**
**বেসরকারিকরণ ও বিরাষ্ট্রীয়করণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ/১১ মে ২০১৭ খ্রিস্টাব্দ

**নং-২৪.০০.০০০০.২০২.১৮.১২৬.১৩-২৩০**—যেহেতু, সরকারের সিদ্ধান্তক্রমে বেসরকারি খাতকে শক্তিশালীকরণের মাধ্যমে দেশের জাতীয় উৎপাদন ও কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে ২০০৬ সালে প্রাইভেটাইজেশন কমিশন কর্তৃক রাষ্ট্রায়ত্ত খাতে প্রতিষ্ঠিত কোকিল টেক্সটাইল মিলস্ লি:, ব্রাহ্মণবাড়িয়া বিক্রয় করা হয়। এ প্রেক্ষিতে ১২-০৯-২০০৬ তারিখে সরকারের সাথে ক্রেতার একটি বিক্রয়চুক্তি সম্পাদিত হয়। অতঃপর বিক্রয় চুক্তি অনুযায়ী মিলটি ০১-১০-২০০৬ তারিখে ক্রেতার নিকট হাস্তান্তর করা হয়। মিলটি ক্রেতার নিকট হস্তান্তর করার পর দীর্ঘ সময় অতিক্রান্ত হলেও মিল ক্রেতা মিলটি চালু করেনি। ফলে সরকারের মিল বিক্রয়ের লক্ষ্য ও উদ্দেশ্য সম্পূর্ণভাবে ব্যাহত হয়েছে;

যেহেতু, ক্রেতার নিকট সরকারের পাওনা (এডিপি-৪২০.৮৩ লক্ষ টাকা, এডিপি (বিএমআরই)-৩১৭.১৩ লক্ষ টাকা, আইডিএ ক্রেডিট-১২০৫-৪০৬.৭০ লক্ষ টাকা, আইডিএ ক্রেডিট-১৪৭৭-২২৩৯.৪২ লক্ষ টাকা) অদ্যাবধি পরিশোধ করেনি। যা বর্তমান SDR এর বিনিময় হারে অনেক বৃদ্ধি পেয়েছে;

যেহেতু, মিল ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে মিলের নিকট সরকারের পাওনা পরিশোধের জন্য সর্বশেষ ০৪-০৯-২০১৪ তারিখে চূড়ান্ত নোটিশ প্রদান করা স্বত্বেও সরকারি পাওনা পরিশোধ করে নাই;

যেহেতু, মিল কর্তৃপক্ষ দীর্ঘদিন যাবৎ মিল পরিচালনা না করে বন্ধ অবস্থায় ফেলে রেখেছে, হাজার-হাজার শ্রমিক-কর্মচারীকে তাদের কর্মসংস্থান হতে বঞ্চিত করে রেখেছেন, এতে মিল হস্তান্তরের উদ্দেশ্য ব্যাহত হয়েছে এবং বিক্রয়চুক্তির ধারা লংঘিত হয়েছে;


**মূল্য :** টাকা ৪·০০

সেহেতু, জনস্বার্থে Contract Act 1872 (IX of 1872) এর ৩৯নং ধারা অনুযায়ী ১২-০৯-২০০৬ তারিখে সম্পাদিত বিক্রয়চুক্তি বাতিল করা হলো। এতদ্বারা কোকিল টেক্সটাইল মিলস্ লিঃ, ব্রাহ্মণবাড়িয়া শিল্প কারখানাটিসহ উক্ত কোম্পানির যাবতীয় শেয়ার, অন্যান্য স্থাবর-অস্থাবর সম্পত্তি ও স্বত্ব সরকার কর্তৃক অদ্য ১১-০৫-২০১৭ খ্রি./২৮ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ তারিখে পুনঃগ্রহণ (Take Back) করা হলো এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত মিলটি ব্যবস্থাপনার নিমিত্ত এ মন্ত্রণালয়ের আওতাধীন রাষ্ট্রায়ত্ব সংস্থা বিটিএমসি'র নিয়ন্ত্রণে ন্যস্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রীনা পারভীন**
অতিরিক্ত সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd